



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ  
শৃংখলা শাখা, প্রশাসন বিভাগ-১  
ওয়াসা ভবন, ৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ,  
কাওরানবাজার, ঢাকা।



নম্বর: ৪৬.০৫.০০০০.২১৩.২৭.০৩৯.১৯.২২৮

তারিখ: ৬ অগ্রহাষণ ১৪২৮  
২১ নভেম্বর ২০২১

### অফিস আদেশ

জনাব মোঃ সিরাজ মিয়া, এপিএলএম (এফ.এম বিভাগ-১), ঢাকা ওয়াসা এর বিরুদ্ধে অভিযোগ যে, গত ১৯.০৮.২০১৯ হতে ২২.০৮.২০১৯ তারিখ পর্যন্ত ৪ দিনের নৈমিত্তিক ছুটি গ্রহণ করেন। পরবর্তীতে কর্মস্থলে যোগদান না করায় সংশ্লিষ্ট বিভাগ হতে কাজে যোগদানপূর্বক অনুপস্থিতির বিষয়ে কারণ দর্শানোর জন্য ১২.০৯.২০১৯ তারিখে রেজিস্ট্রি ডাকযোগে তার স্থায়ী ঠিকানায় পত্র দেয়া হয়। তৎপ্রেক্ষিতে তিনি কারণ দর্শানোর জবাব দাখিল করেননি। এ বিষয়ে গত ২৯.০৯.২০১৯ তারিখে জনৈক তার ভাগিনা পরিচয়ে সংশ্লিষ্ট বিভাগে তার স্বাক্ষরিত একটি আবেদন পত্র জমা দেন। উক্ত আবেদন পত্রের মাধ্যমে তিনি জানান যে-

“আমি পারিবারিক জরুরী কাজের জন্য ১৯.০৮.২০১৯ হতে ২২.০৮.২০১৯ পর্যন্ত ৪ দিনের নৈমিত্তিক ছুটি গ্রহণ করি এবং বাড়ীতে ছুটি কালীন সময়ে অসুস্থ হয়ে পড়ি। বর্তমানে আমি চিকিৎসাধীন আছি। পুনরায় সুস্থ হলে আমি কর্মস্থলে যোগদান করিব”।

তার উক্ত আবেদন পত্রের সাথে ডাক্তারী ব্যবস্থাপত্র দাখিল করেননি এবং কোন হাসপাতালে চিকিৎসাধীন আছেন তা উল্লেখ না করায় পরবর্তীতে বিভিন্নভাবে যোগাযোগের চেষ্টা করা হলেও কোন খোঁজ পাওয়া যায়নি মর্মে সংশ্লিষ্ট বিভাগ হতে জানানো হয়।

উক্তরূপ কারণে তাকে ২২.১০.২০১৯ তারিখে শৃঙ্খলা শাখা হতে কারণ দর্শানো হয়।

তৎপ্রেক্ষিতে তিনি ডাক্তারী ব্যবস্থাপত্রসহ কারণ দর্শানোর জবাব দাখিল করেন এবং ২৮.১০.২০১৯ তারিখে কর্মস্থলে যোগদান করেন। জবাবের সাথে সংযুক্ত মেডিক্যাল রিপোর্ট ও ডাক্তারী ব্যবস্থাপত্রের বিষয়ে ঢাকা ওয়াসার তৎকালীন সিনিয়র মেডিক্যাল অফিসার এবং সংশ্লিষ্ট বিভাগ এর মতামত গ্রহণ করা হয়, যা সন্তোষজনক নয়।

সার্বিক বিষয়ে দেখা যায় তিনি ১৯.০৮.২০১৯ হতে ২২.০৮.২০১৯ তারিখ পর্যন্ত মোট ৪(চার) দিনের নৈমিত্তিক ছুটি গ্রহণ করেন, পরবর্তীতে তিনি ২৩.৮.২০১৯ হতে ২৭.১০.২০১৯ তারিখ পর্যন্ত মোট=৬৬ দিন বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন। তার এরূপ কার্যকলাপ অফিস শৃঙ্খলা পরিপন্থি ও শাস্তিযোগ্য অপরাধ। যা ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর ৩৮ (ক) ও (খ) প্রবিধিমেতে দায়িত্ব পালনে অবহেলা ও অসদাচরণ বলে গণ্য বিধায় উক্ত প্রবিধানমালার ৩৯ প্রবিধিমেতে আওতাভুক্ত অপরাধ।

উক্তরূপ অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-২৫/২০২০ রুজু করা হয়। তৎপ্রেক্ষিতে তিনি জবাব দাখিল করেন। দাখিলকৃত জবাবে ব্যক্তিগত শুনানীর ইচ্ছা পোষণ করায় তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। তার দাখিলকৃত জবাব ও শুনানীতে প্রদত্ত বক্তব্য কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক না হওয়ায় ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ (কর্মকর্তা

ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর ৪২ (২) (গ) প্রবিধিমতে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

তদন্ত কর্মকর্তা তৎপ্রেক্ষিতে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে।

এমতাবস্থায়, জনাব মোঃ সিরাজ মিয়া, এপিএলএম, এফ.এম বিভাগ-১, ঢাকা ওয়াসার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় অভিযোগগুলো গুরুদন্ডযোগ্য কিন্তু সার্বিক অবস্থা বিবেচনায় নিয়ে তার বিনানুমতিতে অনুপস্থিতকাল অর্থাৎ ২৩.৮.২০১৯ তারিখ হতে ২৭.১০.২০১৯ তারিখ পর্যন্ত মোট=৬৬ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করে এবং ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর (৩৯) (১) (ক) (ই) প্রবিধিমতে লঘুদন্ড হিসেবে ০৭(সাত) দিনের মূল বেতনের সমপরিমাণ টাকা কর্তন করে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-২৫/২০২০ নিষ্পত্তি করা হলো।

কর্তৃপক্ষের কাজের স্বার্থে এ আদেশ জারী করা হলো। যা অবিলম্বে কার্যকর হবে।

ব্যবস্থাপনা পরিচালক এর নির্দেশক্রমে,



২১-১১-২০২১

প্রকৌশলী শারমিন হক আমীর

সচিব

ফোন: ৫৫০১২৪০৯

নম্বর: ৪৬.০৫.০০০০.২১৩.২৭.০৩৯.১৯.২২৮/১(২১)


তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪২৮

২১ নভেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) ডাইরেক্টর (উন্নয়ন), ডাইরেক্টর (উন্নয়ন) এর দপ্তর, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ২) ডাইরেক্টর (টেকনিক্যাল), ডাইরেক্টর (টেকনিক্যাল) এর দপ্তর, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ৩) ডাইরেক্টর (ফিন্যান্স), ডাইরেক্টর (ফিন্যান্স) এর দপ্তর, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ৪) বাণিজ্যিক ব্যবস্থাপক, বানিজ্যিক ব্যবস্থাপক, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ৫) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ), ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ৬) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (গবেষণা, পরিকল্পনা এবং উন্নয়ন), ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ৭) প্রধান শৃঙ্খলা কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
- ৮) প্রধান রাজস্ব কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), রাজস্ব ডিপার্টমেন্ট, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ৯) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), একাউন্টস ডিপার্টমেন্ট, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

- ১০) প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা, প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ১১) আইন কর্মকর্তা, আইন বিষয়ক বিভাগ, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ১২) উপপ্রধান নিরীক্ষা কর্মকর্তা, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ১৩) উপসচিব, প্রশাসন-২, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ১৪) নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), এফ এম বিভাগ-১, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ১৫) নির্বাহী প্রকৌশলী, মডস জোন-১, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ১৬) সহকারী সিস্টেম এনালিস্ট, এমআইএস এন্ড বিলিং বিভাগ, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ১৭) জনাব ফয়সাল, কম্পিউটার অপারেটর, প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা।
- ১৮) ব্যক্তিগত সহকারী কাম কম্পিউটার অপারেটর, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ১৯) রেকর্ড কিপার (অতিরিক্ত দায়িত্ব), রেকর্ড সেকশন, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ২০) জনাব মোঃ সিরাজ মিয়া, এপিএলএম (এফ এম বিভাগ-১), ঢাকা ওয়াসা, (জিপিএফ নং-৩৬০০)।
- ২১) অফিস কপি।



২১-১১-২০২১

শাহিদা কানিজ

উপসচিব